**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৯মে, ২০২৫ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং ১৯৬-আইন/২০২৫/১৮/কাস্টমস।-** সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নবর্ণিত TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এবং কলাম (2) এ উল্লিখিত H. S. Code এর অধীন আমদানিকৃত পণ্যের উপর আরোপণীয় প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty), যে পরিমাণে মূল্যভিত্তিক ১ (এক) শতাংশের অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক (যদি থাকে), মূল্য সংযোজন কর হইতে, নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে, অব্যাহতি প্রদান করিল, যথা:-

**TABLE**

| **Heading** | **H.S. Code** | **Description** |
|---|---|---|
| **(1)** | **(2)** | **(3)** |
| 84.14 | 8414.30.90 | Compressor |
| 84.15 | 8415.90.90 | Expansion valve |
| 84.19 | 8419.89.10 | Evaporator or condenser or both exceeding 200000 BTU |

**<u>শর্তাবলী</u>**

(১) আমদানীকারক প্রতিষ্ঠানকে অবশ্যই IRC holder VAT compliant কোল্ড স্টোরেজ হইতে হইবে।

**ব্যাখ্যা-**

(ক) "IRC holder" অর্থ এমন প্রতিষ্ঠান যাহার নিকট আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর হইতে হইতে ইস্যুকৃত হালনাগাদ শিল্প ভোক্তা (Industrial Consumer) আইআরসি রহিয়াছে;

(খ) VAT compliant শিল্প প্রতিষ্ঠান অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর অধীন নিবন্ধিত এবং উক্ত আইনের ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করে এইরূপ শিল্প প্রতিষ্ঠান;

(২) এই প্রজ্ঞাপনের আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সংবলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী মাসের মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে বা ভ্যাট অনলাইন সিস্টেমে বা জাতীয় রাজস্ব বোর্ড এর ওয়েবসাইটে বা ভ্যাট কমিশনারেট এর ওয়েবসাইটে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো ধরনের দৈব-দুর্বিপাক বা কোনো যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হইলে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস প্রতি ক্ষেত্রে কারণ লিপিবদ্ধ করিয়া শুল্কায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে পারিবে।

(৩) রেয়াতি হারে আমদানিকৃত/আমদানিতব্য সকল ধরনের পণ্য আমদানি পরবর্তী ৬ (ছয়) মাসের মধ্যে স্থাপন করিতে হইবে এবং এই সকল পণ্য কোনোক্রমেই অন্য কোনো কোল্ড স্টোরেজ বা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করা যাইবে না;

(৪) উল্লিখিত নির্ধারিত সময়ের মধ্যে যদি রেয়াতি হারে আমদানিকৃত পণ্যসমূহ স্থাপন/ব্যবহার করা না হয়, অথবা রেয়াতি হারে আমদানিকৃত পণ্যসমূহ অন্য কোনো কোল্ড স্টোরেজ বা কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর করা হয় তাহা হইলে রেয়াতি সুবিধাপ্রাপ্ত শুল্ক-করাদি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিকট হইতে আদায় করা হইবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(৫) কোন উৎপাদনকারী এই প্রজ্ঞাপনের শর্ত লঙ্ঘন করিলে এবং উক্ত লঙ্ঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে কাস্টমস আইন, ২০২৩ ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী ও প্রযোজ্যক্ষেত্রে সংশ্লিষ্ট অন্যান্য আইন মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

২। এই প্রজ্ঞাপন ২ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**স্বাক্ষরিত/-**
মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।